অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/2/2022 **গভর্নর ক্যাথি হোকল**

তেল ও গ্যাস খাত থেকে মিথেন নির্গমন কমানোর জন্য চূড়ান্ত বিধিমালা প্রকাশ করা হয়েছে বলে গভর্নর হোকলের ঘোষণা

তেল ও প্রাকৃতিক গ্যাসের কূপ, কম্প্রেসর স্টেশন, এবং অন্যান্য উৎসে নির্গমনের উপর নতুন নিয়ন্ত্রণ আরোপ জনস্বাস্থ্য সুরক্ষা করবে এবং জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াই করবে

এটি গ্রিনহাউজ গ্যাস নির্গমন কমানোর জন্য নিউ ইয়র্কের জাতীয় পর্যায়ে নেতৃস্থানীয় জলবায়ু আইনকে সমর্থন করে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেটের যেকোনো তেল ও প্রাকৃতিক গ্যাস অবকাঠামো থেকে মিথেন ও অন্যান্য নির্গমনের পরিমাণ উল্লেখযোগ্য হারে কমিয়ে আনা আবশ্যক করে স্টেটের তরফ থেকে বিধিমালা চূড়ান্ত করা হয়েছে। এই বিধিমালার মাধ্যমে বছরে মিথেন নির্গমন 14,000 মেট্রিক টনেরও বেশি এবং অস্থিতিশীল জৈব যৌগ নির্গমন বছরে 2,000 টনেরও বেশি কমিয়ে আনার মাধ্যমে স্টেটের জন্য দেশের-নেতৃস্থানীয় নির্মল জ্বালানি ও জলবায়ু বিষয়ক এজেন্ডা বাস্তবায়নের পথে একটি মাইলফলক অর্জিত হলো।

"জীবাশ্ম জ্বালানি থেকে নিউ ইয়র্কের উচ্চাকাঙ্ক্ষী ও ঐতিহাসিক রুপান্তরের মধ্য দিয়ে যাওয়ার এই সময়ে, জলবায়ু পরিবর্তনের জন্য অবদান রাখছে এবং আমাদের কমিউনিটিগুলোর জনস্বাস্থ্যকে ক্ষতিগ্রস্ত করছে এমন তেল ও গ্যাস অবকাঠামোগুলো থেকে নির্গমন কমিয়ে আনতে আমরা অঙ্গীকারাবদ্ধ," **বলেছেন গভর্নর হোকল।** "এসব বিধিমালা চূড়ান্ত হওয়ার ফলে নিউ ইয়র্কের তেল ও প্রাকৃতিক গ্যাস ফ্যাসিলিটিগুলো থেকে লিকেজ কমে আসবে, এবং আমাদের স্টেটকে জলবায়ু সংক্রান্ত পদক্ষেপ গ্রহণের অগ্রভাগে রাখবে।"

স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation, DEC) কর্তৃক আজ চূড়ান্ত হওয়া এই বিধিমালা মিথেন লিকেজ ও ভেন্টিং থেকে হওয়া ক্ষতিকর নির্গমন সামলানো ও নিয়ন্ত্রণের মাধ্যমে জলবায়ু সংকট মোকাবেলার ক্ষেত্রে নিউ ইয়র্কের নেতৃস্থানীয় অবস্থানকে তুলে ধরেছে। বায়ুমণ্ডলে মিথেনের উচ্চ পরিমাণ ও শক্তিশালী তেজস্ক্রিয় প্রভাবের কারণে জলবায়ু পরিবর্তনের ক্ষেত্রে মিথেনের অবদান কার্বন ডাইঅক্সাইডের পরেই দ্বিতীয় অবস্থানে রয়েছে।

DEC কমিশনার বাসিল সেগোস বলেন, "কিভাবে স্টেটগুলো অর্থপূর্ণ উপায়ে গ্রিনহাউজ গ্যাস নির্গমন কমাতে পারে এবং জনস্বাস্থ্য ও আমাদের প্রাকৃতিক সম্পদের ক্ষেত্রে হওয়া ক্ষতিকর প্রভাব কমিয়ে আনতে পারে এই ঘোষণা সেটি দেখিয়ে দিয়েছে। আজকে চূড়ান্ত হওয়া বিধিমালায় ফসিল ফুয়েল অবকাঠামোর জন্য শর্তসমূহ তৈরি করা সহ সব খাতের গ্রিনহাউজ গ্যাস নির্গমনের প্রভাবগুলো পরীক্ষা করার অগ্রভাগে DEC-র নিবেদিত কর্মীরা কর্মরত আছেন। গভর্নর হোকলের নেতৃত্বে, নিউ ইয়র্ক একটি অধিকতর নির্মল, আরো সবুজ একটি অর্থনীতির দিকে এগিয়ে যাচ্ছে এবং জীবাশ্ম জ্বালানি শিল্পের জন্য নির্গমন কমানো আবশ্যক করার জন্য কাজ করছে।"

নিউ ইয়র্ক স্টেটে 117টি কম্প্রেসর, 27টি মাটির নিচে প্রাকৃতিক গ্যাস সংরক্ষণের উৎস, এবং আনুমানিক 3,000 থেকে 4,000 মিটারিং স্টেশন সহ 32টি অনুমোদিত কম্প্রেসর স্টেশন আছে। 2018 সালে, স্টেটের 3,411টি সক্রিয় তেল কূপ ও 6,729টি সক্রিয় গ্যাস কূপ থেকে 10.6 বিলিয়ন ঘনফুট প্রাকৃতিক গ্যাস ও 224,717 ব্যারেল তেল উত্তোলন করা হয়েছে। আজ চূড়ান্ত হওয়া পদক্ষেপসমূহ 1.2 মিলিয়ন টনেরও বেশি কার্বন ডাইঅক্সাইড কমিয়ে আনার মাধ্যমে তেল ও গ্যাস খাত থেকে মিথেন নির্গমন মোকাবেলা করতে সাহায্য করবে, যা 230,000 গাড়ি রাস্তা থেকে সরিয়ে নেওয়ার সমতুল্য। এই চূড়ান্ত বিধিমালা কূপ, কম্প্রেসর স্টেশন, সংরক্ষণ সাইট, এবং মিটারিং ও রেগুলেটিং স্টেশনগুলোতে বায়ুমণ্ডলে প্রাকৃতিক গ্যাস নির্গমন কমিয়ে দিবে, এবং অনেক ক্ষেত্রে নিষিদ্ধ করে দিবে। সেইসাথে, প্রস্তাবিত বিধিমালায় তেল ও গ্যাস অবকাঠামোর ক্ষেত্রে কঠোরভাবে লিক শনাক্তকরণ ও মেরামতের বাধ্যবাধকতার পাশাপাশি নিয়ন্ত্রণ ও কার্যপরিচালনার শর্তাবলি অন্তর্ভুক্ত রয়েছে। চূড়ান্ত বিধিমালা এখানে পাওয়া যাবে।

এই প্রস্তাব মিথেন ও অন্যান্য গ্রিনহাউজ গ্যাসের নির্গমন কমানোর জন্য নিউ ইয়র্কের গৃহীত সর্বশেষ পদক্ষেপ। 2020 সালের ডিসেম্বরে, DEC ও NYSERDA পরিত্যক্ত, কয়েক দশকের পুরোনো তেল ও গ্যাস কূপ যেগুলো থেকে মিথেন লিক করছে সেগুলো খুঁজে বের করে বন্ধ করে দেওয়ার জন্য উচ্চ-প্রযুক্তির আকাশ থেকে নজরদারির সরঞ্জামের আসন্ন ব্যবহার সম্পর্কে ঘোষণা করেছেন। সেইসাথে, গত বছরের শেষে চূড়ান্ত হওয়া বিধিমালায় আমদানিকৃত বিদ্যুৎ ও জীবাশ্ম জ্বালানির সাথে সম্পর্কিত নির্গমন সহ স্টেটব্যাপী মিথেন ও গ্রিন হাউজ গ্যাসের নির্গমন 2030 সালের মধ্যে 40 শতাংশ, এবং 2050 সালের মধ্যে 85 শতাংশ কমিয়ে আনার সীমা নির্ধারণ করে দিয়েছে।

এই বিধিমালা প্রয়োগ করার জন্য DEC পরিদর্শন পরিচালনা করবে, সম্ভাব্য ঝুঁকি লঙ্ঘনের ঘটনা মূল্যায়ন করবে, এবং কমপ্লায়েন্স নিশ্চিত করতে যথাযথ পদক্ষেপ গ্রহণ করবে।

সেইসাথে, এই বিধানের সঙ্গে সঙ্গতি রেখে দেশব্যাপী নির্গমন কমানোর লক্ষ্য অর্জনের জন্য, 31 জানুয়ারি DEC যুক্তরাষ্ট্রের পরিবেশ সুরক্ষা সংস্থার প্রস্তাবিত তেল ও গ্যাস সংক্রান্ত বিধিমালা সম্পর্কে মন্তব্য জমা দিয়েছে এবং নিউ ইয়র্ক স্টেটের বিধানের শর্তাবলি অন্তর্ভুক্ত করার জন্য এসব বিধিমালা শক্তিশালী করার সুপারিশ করেছে।

নিউ ইয়র্ক স্টেটের জাতির নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের জাতির নেতৃত্বকারী জলবায়ুর কর্মসূচী হল জাতির সব চেয়ে বেশি আক্রমণাত্মক জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা সুশৃঙ্খল ও ন্যায্যভাবে পরিচ্ছন্ন শক্তিতে উত্তরণের আহ্বান করে যা চাকরি তৈরি করে এবং নিউ ইয়র্ক স্টেট কোভিড-19 মহামারী থেকে উদ্ধারলাভের সাথে সাথে একটি সবুজ অর্থনীতিকে প্রতিপালন করা অব্যাহত রাখে। জলবায়ু নেতৃত্ব এবং জনসমাজের সুরক্ষা আইন (Climate Leadership and Community Protection Act) এর মাধ্যমে আইনের অন্তর্ভুক্ত করার পরে, নিউ ইয়র্ক 2040 এর মধ্যে শূন্য-নির্গমন বিদ্যুৎশক্তির ক্ষেত্রে তার বাধ্যতামূলক লক্ষ্য অর্জনের পথে এগিয়ে চলেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে 2030 এর মধ্যে 70 শতাংশ পুনর্নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং অর্থনীতি ব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। স্টেট জুড়ে 102টি বিশাল মাত্রার নবায়নযোগ্য ও বিতরণের প্রকল্পে 33 বিলিয়ন ডলারের বেশি, বিল্ডিং থেকে নির্গমন হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন ডলার, সৌরশক্তির মাত্রা বৃদ্ধি করার জন্য 1.8 বিলিয়ন ডলার, নির্মল পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন ডলারের বেশি, এবং NY গ্রীন ব্যাংক-এর প্রতিশ্রুতিতে 1.6 বিলিয়ন ডলারের বেশি সহ, এটি নির্মল জ্বালানির মাত্রা বৃদ্ধি করার জন্য নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগের সাথে যুক্ত হয়েছে। সম্মিলিতভাবে, এই বিনিয়োগগুলি 2020 সালে নিউইয়র্কের নির্মল জ্বালানি খাতে 158,000 এরও বেশি চাকরি, 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ প্রবৃদ্ধি এবং 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর বায়ুশক্তি গড়ে তোলার প্রতিশ্রুতিকে সমর্থন করে। জলবায়ু আইনের অধীনে, নিউ ইয়র্কে এই অগ্রগতির উপর ভিত্তি করে নির্মাণ করবে এবং 2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমনকে 1990 এর স্তর থেকে 85 শতাংশ কমাবে, এবং নিশ্চিত করবে যে পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের 40 শতাংশ বেনিফিটের অন্তত 35 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিকে দেওয়া হবে, এবং চূড়ান্ত ব্যবহারকারীর শক্তির খরচ সাশ্রয় করার মাধ্যমে অন-সাইট শক্তি খরচ 185 ট্রিলিয়ন BTU কমানো, যাতে 2025 সালের শক্তির দক্ষতার লক্ষের উদ্দেশ্যে অগ্রসর হওয়া যায়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন